

**অতীব জরুরী**  
**নির্বাচন অগ্রাধিকার**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০০০.০০০০.০১৭.৯৯.০০৬.১৫. ২৩৬


তারিখ : ২৪ ফাল্গুন, ১৪২২ বঙ্গাব্দ।  
০৭ মার্চ, ২০১৬ খ্রিঃ।

বিষয় : নীলফামারী জেলার বিলুপ্ত ০৪ টি ছিটমহলবাসীকে ভোটার তালিকায় অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।

সূত্র : জেলা প্রশাসক, নীলফামারী কার্যালয়ের স্মারক নং-৭৮, তারিখঃ ২৩.০২.২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জেলা প্রশাসক, নীলফামারী এর সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার বিলুপ্ত ৪টি ছিটমহলবাসীকে ডিমলা উপজেলার গয়াবাড়ী ও টেপাখড়িবাড়ী ইউনিয়নের সাথে অন্তর্ভুক্ত করা হয়েছে মর্মে এবং বিলুপ্ত ছিটমহলবাসীদের ভোটার তালিকাভুক্তকরণের কার্যক্রম সম্পন্ন হয়নি মর্মে জেলা প্রশাসক, নীলফামারী জানিয়েছেন (কপি সংযুক্ত)। জেলা প্রশাসক, নীলফামারীর পত্রের মর্মানুযায়ী উল্লিখিত ইউনিয়নসমূহের ০৪টি ছিটমহলবাসীর ভোটার তালিকা সম্পন্নের পর উক্ত ইউনিয়ন দু'টির সাধারণ নির্বাচন অনুষ্ঠানের তফসীল ঘোষণার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ জেলা প্রশাসক, নীলফামারী এর পত্রের  
ছায়ালিপি-০১ (এক) পাতা।

  
( শরীফা আহমেদ )  
সিনিয়র সহকারী সচিব  
☎ ৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

সচিব  
নির্বাচন কমিশন সচিবালয়  
শেরে-বাংলানগর  
আগারগাঁও, ঢাকা।  
(দৃঃ আঃ-জনাব জেসমিন টুলী, যুগ্ম-সচিব)।

অনুলিপিঃ

- ০১। জেলা প্রশাসক, নীলফামারী।
- ০২। ✓ সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।